
# নির্বাচন ও গণভোট ঘিরে নিরাপত্তা ঝুঁকি নেই: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে কেন্দ্র করে দেশের নিরাপত্তা পরিস্থিতি স্থিতিশীল রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেন, নির্বাচন নিয়ে আগে যেমন আশঙ্কা দেখেননি, এখনও তেমন কোনো ঝুঁকি দেখছেন না।

মঙ্গলবার (২৭ জানুয়ারি) সচিবালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত কোর কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের ব্রিফিংয়ে এ মন্তব্য করেন তিনি। বৈঠকে বিভিন্ন আইনশৃঙ্খলা বাহিনীর শীর্ষ কর্মকর্তারা অংশ নেন এবং সার্বিক নিরাপত্তা পরিস্থিতি পর্যালোচনা করা হয়।

স্বরাষ্ট্র উপদেষ্টা জানান, নির্বাচনকে ঘিরে এখন পর্যন্ত বড় ধরনের কোনো হুমকি শনাক্ত হয়নি। ভোট উৎসবমুখর পরিবেশে সম্পন্ন করতে প্রয়োজনীয় সব প্রস্তুতি নেয়া হয়েছে। তফসিল অনুযায়ী প্রচারণা চলছে বলেও তিনি উল্লেখ করেন।

তিনি রাজনৈতিক দলগুলোর প্রতি শান্তিপূর্ণ আচরণের আহ্বান জানান এবং আইনশৃঙ্খলা বাহিনীকে বেআইনি নির্দেশনা না মানার নির্দেশ দিয়েছেন বলে জানান। ভোটকেন্দ্রে অনিয়ম বা বিশৃঙ্খলা হলে রিটার্নিং কর্মকর্তা ও সহকারী রিটার্নিং কর্মকর্তাকে তাৎক্ষণিক ব্যবস্থা নিতে বলা হয়েছে।

দায়িত্ব পালনে কোনো ধরনের আর্থিক লেনদেন বরদাস্ত করা হবে না বলেও হুঁশিয়ারি দেন স্বরাষ্ট্র উপদেষ্টা। এ ধরনের অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে বলে জানান তিনি।

LENS ASIA